156

দৈনিক ইনকিলাব

তারিখ ...MAR. 21 1999 ... ...
পৃষ্ঠা ৮২ কলাম ৩......

### ছাত্র লীগে কোন্দল

## মুহসীন হল থেকে চারজনকে বহিষ্কার

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলে মুজিববাদী ছাত্র লীগের দুই গ্রুপের আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে ৪ জনকে হল থেকে বিতাড়িত করা হয়েছে। গত শুক্রবার রার্তে হল সংলগ্ন মাঠে বেদম মারধর করে তাদেরকে হল থেকে বের করে দেয়া হয়। বিতাড়িত ছাত্র লীগ কর্মীরা হচ্ছে— মনির, আলম, ইদ্রিস ও একজনের নাম জানা যায়নি। হল শাখা ছাত্র লীগের সভাপতি শফিক ও সাধারণ সম্পাদক শাখাওয়াতের গ্রুপের কর্মীদের মধ্যে সংঘাতের ফলে এই ঘটনা ঘটে। এর আগে শুক্রবার সন্ধ্যায় টিএসসিতে একই কোন্দলে একজনকে ছুরিকাহত করা হয়।